নির্বাচন কমিশন

বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
জনবল ব্যবস্থাপনা-২
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০০.০০০০.০১৬.১১.০৪৯.১২-২৪৮

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
০৬ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দঃ

অফিস আদেশ

নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের আউটসোর্সিং পদে অর্থ বিভাগ হতে জারীকৃত ''আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুসরণে নিয়োগদানের লক্ষ্যে নিম্নরূপ বিজ্ঞপ্তি জারী করা যাচ্ছে।

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের আউটসোর্সিং হিসেবে স্বীকৃত নিম্নবর্ণিত পদসমূহে সেবা গ্রহণের উদ্দেশ্যে সরকার অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

(ক) নন-টেকনিক্যাল পদ-১ঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	নিরাপত্তা প্রহরী	০২	সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি
২.	দপ্তরী	০১		ন্যূনতম ৮ম শ্রেণি
৩.	অফিস সহায়ক	১০৮		ন্যূনতম এস.এস.সি.পাশ
৪.	মালী	০৩		ন্যূনতম ৮ম শ্রেণি
৫.	নৈশ প্রহরী	০২		ন্যূনতম ৮ম শ্রেণি
৬.	ফরাস	০১		ন্যূনতম ৮ম শ্রেণি
৭.	ঝাড়ুদার	০১		ন্যূনতম ৮ম শ্রেণি
	মোটঃ	১১৮		

(গ) নন-টেকনিক্যাল পদ-২ঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	কুক/বাবুর্চি	০১	সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি
২.	গার্ড/দারোয়ান	০১		ন্যূনতম ৮ম শ্রেণি
	মোটঃ	০২		

দরদাতার যোগ্যতা ও শর্তাবলীঃ

০১। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদ, ভ্যাট ও আয়কর পরিশোধের প্রমাণপত্র এবং সমপ্রকৃতি জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতার সনদের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

০২। উদ্ধৃত দরের উপর ৩% হারে আর্নেস্টমানি (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে সিনিয়র সহকারী সচিব (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭-এর অনকূলে = ১,০০,০০০ (এক লক্ষ) টাকার ফেরতযোগ্য জামানত হিসাবে প্রদান করতে হবে (যা চুক্তির অবসান ঘটলে বা চুক্তির মেয়াদান্তে বিনাসুদে ফেরতযোগ্য)।

০৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে আগামী ২৬-০৬-২০১৬ খ্রিঃ, তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র সহকারী সচিব (হিসাব/ডিডিও), নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭-এর নিকট হতে ১০০০/- (এক হাজার) টাকা মূল্য পরিশোধ সাপেক্ষে দরপত্রের সিডিউল গ্রহণ করা যাবে।

০৪। আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা-২০০৮ অনুযায়ী নিম্নোক্ত ছক অনুসরণে তথ্যাদি উল্লেখপূর্বক প্রার্থীদের জীবন বৃত্তান্ত ও দলিলপত্রাদি সংযুক্ত করে সরবরাহকারী প্রতিষ্ঠানের প্যাডে সীলগালা অবস্থায় ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসযোগে উপ-সচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করা যাবে অথবা উক্ত সচিবালয়ের ৫নং ব্লকের ২য় তলায় রক্ষিত টেন্ডার বাক্সে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০৬-০৭-২০১৬খ্রি: তারিখ দুপুর ১.০০টা পর্যন্ত দাখিল করা যাবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। একই তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় দরপত্র সমূহ দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকূল্যে বেতন	মাসিক সার্ভিস চার্জ ও অন্যান্য	সর্বমোট

০৫। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বিদেশী মিশন/বহুজাতিক কোম্পানি বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠানে বিগত ০৩ (তিন) বছরে কমপক্ষে ১০০ (একশত) জন জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।

০৬। উপরোক্ত ছকে বর্ণিত আউটসোর্সিং এর আওতায় পূরণযোগ্য পদসমূহের ক্যাটাগরী মোতাবেক জনবল সরবরাহের প্রস্তাব গৃহীত হলে নির্ধারিত শর্তে প্রয়োজনীয় চুক্তিপত্র স্বাক্ষরপূর্বক প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন জনবল সরবরাহ করতে হবে।

০৭। সরকারি নীতিমালা অনুযায়ী জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে ভ্যাট, আয়কর এবং অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।

০৮। নিয়োগ যোগ্যতা ও কার্য সম্পাদনের সামর্থ্য যাচাইয়ের নিমিত্ত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ ও প্রস্তাবিত জনবলের সরাসরি সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

০৯। দায়িত্ব পালনকালে সরবরাহকৃত জনবলকে নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান ও পরিচয়পত্র বহন করতে হবে। দায়িত্ব পালনকালে উক্ত সচিবালয় কর্তৃক তার নিয়ন্ত্রণাধীন যেকোন কর্মস্থলে জনবলকে দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।

১০। সরবরাহকৃত কোন কর্মী যথাযথভাবে কার্য সম্পাদনে ব্যর্থ হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে এবং সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিত করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে তার স্থলে উপযুক্ত জনবল প্রতিস্থাপন করতে হবে।

১১। আউসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের ক্ষেত্রে এতদ্‌সংগে সরকারের সর্বশেষ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১২। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত 'সেবা গ্রহণ নীতিমালা-২০০৮' এর নির্দেশনা এবং সেবা প্রদানকারীদের বেতন ও ভাতাদি এবং কর্তন বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুসরণ করতে হবে। উল্লেখিত শর্তসমূহে প্রতিপালনে ব্যর্থ হলে দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অগ্রহণযোগ্য (বাতিল) হবে।

১৩। আবেদনপত্র যাচাই ও অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্নের পর তা চূড়ান্তভাবে গৃহীত হলে জনবল সরবরাহের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এ চুক্তিপত্র সম্পাদন করা হবে।

১৪। কর্তৃপক্ষ অসম্পূর্ণ/সর্বনিম্ন দর প্রস্তাব গ্রহণে বাধ্য নয় এবং যে কোন দর প্রস্তাব অথবা সমূদয় দর প্রস্তাব কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল/গ্রহণযোগ্য করার ক্ষমতা সংরক্ষণ করে এবং প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

০৬/০৬/১৬

(মোঃ আবুল কাসেম)
উপ সচিব (জঃব্যঃ)
ফোনঃ ৯১৮০৭০৭